

স্বিগন - ১৭

যায়যায়দিন

তারিখ ... ০৪ OCT 2007 ...  
পৃষ্ঠা ২৫ কলাম ... ১ ...

## মেডিকাল কারিকুলামে বৃত্তিমূলক পরীক্ষার পদ্ধতি পরিবর্তনের দাবি

যাযাদি রিপোর্ট

মেডিকাল শিক্ষার্থীদের বৃত্তিমূলক পরীক্ষার বর্তমান পদ্ধতি পরিবর্তন করে আবার আগের পরীক্ষা পদ্ধতি চালুর দাবি জানিয়েছে মেডিকাল ছাত্রছাত্রীদের মুখপাত্র ভয়েস অফ মেডিকাল স্টুডেন্টস (ডিএমএস)। গতকাল বুধবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে

ডিএমএস আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়। সংবাদ সম্মেলনে জানানো হয়, মেডিকাল শিক্ষার্থীদের পাচ বছরের শিক্ষাজীবনে তিনটি বৃত্তিমূলক পরীক্ষা অনুষ্ঠিত হয়। নতুন নিয়ম অনুযায়ী প্রথম বৃত্তিমূলক পরীক্ষার পর শিক্ষার্থীরা তৃতীয়

## মেডিকাল কারিকুলামে বৃত্তিমূলক

(শেষ পৃষ্ঠার পর)

বর্ষের ক্লাস, ওয়ার্ড ও অন্যান্য শ্রেণী কার্যক্রমে অংশগ্রহণ করে। এ সবকিছুই রেকর্ড বুক জমা থাকে। শিক্ষার্থী পরীক্ষার রেজাল্টে তিন বিষয়ের যে বিষয়ে ফেল করবে তাকে কেবল একটি মাত্র সাপ্লিমেন্টারি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হয়। এ সাপ্লিমেন্টারি পরীক্ষায় যদি কেউ ওই ফেল করা বিষয়ে আবারো ফেল করে তাহলে তাকে আর কোনো সুযোগ না দিয়ে দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীদের সঙ্গে যুক্ত করা হয় এবং তার তৃতীয় বর্ষের শ্রেণী কার্যক্রমের সব রেকর্ড মুছে ফেলা হয়। অথচ আগের কারিকুলামে শিক্ষার্থীদের একাধিকবার পরীক্ষা দেয়ার সুযোগ দেয়া হতো।

শিক্ষার্থীরা নতুন কারিকুলামের মধ্যে পরীক্ষা পদ্ধতির এ অংশটি পরিবর্তনের জন্য একাধিকবার কলেজের প্রিন্সিপাল, বাংলাদেশ মেডিকাল অ্যান্ড ডেন্টাল কলেজের (বিএমডিসি) রেজিস্ট্রার, স্বাস্থ্য

অধিদফতরের পরিচালক ও মেডিকাল এডুকেশনের কাছে অনুরোধ করেছে। তারা নতুন কারিকুলামটি প্রিন্সিপালের কাছে চেয়েও পায়নি বলে সংবাদ সম্মেলনে অভিযোগ করা হয়।

অনুষ্ঠানে প্রশ্ন তোলা হয়, প্রথমবার জানুয়ারির প্রফেশনালে যদি ফেল করার পরও শ্রেণী কার্যক্রমে অংশগ্রহণ করতে মাপকাঠি পরীক্ষা না হয়ে থাকে তবে সাপ্লিমেন্টারির পরও ফেল করা বিষয়গুলোতে নিয়মিত ব্যাচের সঙ্গে নিয়মিত থেকেই শ্রেণী কার্যক্রমে অংশগ্রহণ করা যাবে না কেন? এছাড়া যারা সব পরীক্ষা, ওয়ার্ড ও অন্যান্য শ্রেণী কার্যক্রমে নিয়মিত অংশগ্রহণ করে চতুর্থ বর্ষের ক্লাস শুরু করবে তাদের ফেল করা বিষয়গুলোতে অংশগ্রহণের জন্য কেন এক বছর কলেজের সঙ্গে সংশ্লিষ্টতা ছাড়াই অপেক্ষা করতে হবে।

সংবাদ সম্মেলনে অবিলম্বে কারিকুলাম সংশোধনের দাবি জানানো হয়।